

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১১, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ  
বাস্তবায়ন শাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ২৪-৩-১৪০৬ বাং/৮-৭-১৯৯৯ইং

এস.আর.ওনং ২০০ আইন/৯৯/অম/অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল ৩/৯৭/১৭০  
Services (Reorganization and Conditions) Act, 1975 (XXXII of ১৯৭৫)-এর  
Section ৫এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অর্থ বিভাগের প্রজ্ঞাপন নং এস.আর.ও নং ২৬৩  
আইন/৯৭ইং/অম/অবি(বাস্তঃ-১)/ জাঃ বেঃ স্কেল-৩/৯৭/২৪৫, তারিখ ৪ঠা অগ্রহায়ণ, ১৪০৪ বাং মোতাবেক  
১৮ই নভেম্বর, ১৯৯৭ইং এর মাধ্যমে জারীকৃত চাকুরী। স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ব  
প্রতিষ্ঠানসমূহ। (বেতন ও ভাতাদি) আদেশ, ১৯৯৭ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যাহা ১লা  
জুলাই, ১৯৯৯ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ-

উপরিউক্ত আদেশের-

১। অনুচ্ছেদ ১৩ এর উপ-অনুচ্ছেদ (২) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩) সংযোজিত হইবে, যথাঃ-

“(৩) সকল কর্মকর্তা/কর্মচারী মাসিক ২০০ টাকা হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।”;

- ২। অনুচ্ছেদ ১৪ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ(৬) সংযোজিত হইবে, যথাঃ-
- "(৬) এই অনুচ্ছেদের অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, সকল ব্যক্তি নিম্ন-সারণীতে উল্লিখিত হারে মাসিক বাড়ী ভাড়া ভাতা প্রাপ্য হইবেন, যথাঃ-

## সারণী

মূল বেতন	বাড়ী ভাড়া ভাতার হার (মাসিক)	
	ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী এর মেট্রো-পলিটন/পৌর এলাকার জন্য	অন্যান্য স্থানের জন্য
টাকা ১৮০০ পর্যন্ত	মূল বেতনের ৫৫% হারে ন্যূনতম টাকা ৮৫০	মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৮০০
টাকা ১৮০১ হইতে ৩৮০০ পর্যন্ত	মূল বেতনের ৫০% হারে ন্যূনতম টাকা ৯৯০	মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ৯০০
টাকা ৩৮০১ হইতে ১০০০ পর্যন্ত	মূল বেতনের ৪৫% হারে ন্যূনতম টাকা ১৯০০	মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ১৭১০
টাকা ৯০০১ এবং তদুর্ধ্ব	মূল বেতনের ৪০% হারে ন্যূনতম টাকা ৪০৫০	মূল বেতনের ৩৫% হারে ন্যূনতম টাকা ৩৬০০

- ৩। অনুচ্ছেদ ১৬ এর উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) ও (৫) সংযোজিত হইবে, যথাঃ-

"(৪) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ এর ১১নং স্কেল হইতে ২০ নং স্কেলের (টাকা ২৫৫০-৫৫০৫ হইতে টাকা ১৫০০-২৪০০ পর্যন্ত) আওতাধীন কোন ব্যক্তির কর্মস্থল ঢাকা, নারায়ণগঞ্জ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল বা সিলেট এর সিটি কর্পোরেশন/পৌর এলাকায় অবস্থিত হইলে তিনি মাসিক ৮০ টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।

(৫) জাতীয় বেতন স্কেল, ১৯৯৭ তে উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে যিনি টাকা ৩৪০০-৬৬২৫ অথবা টাকা ৪৩০০-৭৭৪০ অথবা টাকা ৪৮০০-৮১৬০ স্কেলে বেতন আহরণ করিবেন, তিনিও উপ-অনুচ্ছেদ (৪) এ বর্ণিত যাতায়াত ভাতা প্রাপ্য হইবেন।"

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ডঃ আকবর আলি খান  
সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।